সকল পাতক বিদূরিত হইয়াছে। বৃহন্নারদীয়ে যজ্ঞমালী উপাখ্যানের পর—

"হরিভক্তিপরানাস্তু সঙ্গিনাং সঙ্গমাশ্রিতঃ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো মহাপাতকবানপি ॥"

যে জন হরিভক্তপরায়ণ ভক্তগণের সঙ্গলাভে কৃতার্থ হইয়াছেন, তাহাদেরও যদি সঙ্গলাভ করিতে পারেন, তাহা হইলে তিনি মহাপাতকী হইলেও সর্ব্বপাপ হইতে বিমুক্ত হইয়া থাকেন। অতএব, ধর্ম্মরাজ শ্রীযম নিজমুখে কিঙ্করগণের প্রতি আবেশপূর্ণ হৃদয়ে ইহাই আদেশ করিয়াছিলেন —যাহাদের জিহ্বা একবারও শ্রীভগবানের গুণ-নামাদি বলে না, যাহাদের চিত্ত ভগবচ্চরণারবিন্দ স্মরণ করে না, সেইসকল অকৃত বিষ্ণুকৃত্য অর্থাৎ যাহারা জীবনে একবারও শ্রীবিষ্ণুসম্বন্ধীয় কোনও কার্য্য করে নাই, সেই-সকল অসাধুগণকে আমার সংযমনীপুরীতে লইয়া আইস। ১৪৮॥

আস্তাং তাবৎ তানানয়দ্ধমিত্যাদিকেনৈতৎ পূর্ব্বদ্বিতীয়পদ্যেনোক্তানাং মুকুন্দ-পাদারবিন্দরসবিমুখানামানয়নবার্ত্তা, তথা দেবসিদ্ধেত্যাদিকেনৈতৎ পূর্ব্বতৃতীয়-পদ্যেনোক্তানাং দেবসিদ্ধপরিগীতপবিত্রগাথানাং সাধূনাং সমদৃশাং ভগবৎপরাণাং নিকট-গমননিষেধবার্ত্তাপি। যদ্যস্য জিহ্বাপি শ্রীভগবতো গুণঞ্চ নামধেয়ঞ্চ বা একদা জন্মমধ্যে যদা কদাপি ন বক্তি জিহ্বায়া অভাবে চেতশ্চ তচ্চরণারবিন্দমেকদাপি ন স্মরতি চেতসো বিক্ষিপ্তত্বে শিরশ্চ কৃষ্ণায় কৃষ্ণং লক্ষ্যীকৃত্য নো নমতি, শাঠ্যেনাপি নমস্কারং কুর্ব্বতঃ শার্ঙ্গধন্বিনে। শতজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতীতি স্কান্দোক্ত-মহিমানং নমস্কারং ন করোতি, তানানয়দ্ধম্। তত্র হেতুঃ অসতঃ। অসত্ত্বে হেতুর-কৃতবিষ্ণুকৃত্যান্। যথা চ স্কান্দে রেবাখণ্ডে শ্রীব্রহ্মোক্তৌ—স কর্ত্তা সর্ব্বধর্ম্মানাং ভক্তো যস্তব কেশব। স কর্ত্তা সর্ব্বপাপানাং যো ন ভক্তস্তবাচ্যুত॥ পাপং ভবতি ধর্ম্মো-ঽপি তবাভক্তৈঃ কৃতো হরে। নিঃশেষধর্ম্মকর্ত্তা বাপ্যভক্তো নরকে হরে। সদা তিষ্ঠতি ভক্তস্তে ব্রহ্মহাপি বিমুচ্যতে॥ পাদ্মে—মন্নিমিত্তং কৃতং পাপমপি ধর্ম্মায় কল্পতে। মামনাদৃত্য ধর্ম্মোঽপি পাপং স্যান্মৎ প্রভাবতঃ॥ ইতি। যুক্তঞ্চৈতৎ। শ্রবণং কীর্ত্তনঞ্চাস্যেত্যাদিনা—মুখবাহূরুপাদেভ্য ইত্যাদিনা সর্ব্বেষাং মদুপাসনমিত্যাদিনা সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরিত্যাদিনা চ পরমনিত্যত্বাদিপ্রতিপাদনাৎ। এষাং কীর্ত্তনাদীনাং ত্রয়াণামপি সুকরাণামভাবে পরেষাং সুতরামেবাভাবো ভবেদিতি সামান্যেনৈব বিষ্ণুকৃত্যরহিতত্বমুক্তম্। জিহ্বাদীনাং করণভূতানামপি কর্ত্তৃত্বেন নির্দ্দেশঃ পুরুষানিচ্ছয়াপি যথা কথঞ্চিৎ কীর্ত্তনাদিকমাদত্তে। চরণারবিন্দমিতি বিশেষাঙ্গ-নির্দ্দেশঃ শ্রীযমস্য ভক্তিখ্যাপক এব, ন তু তন্মাত্রস্মরণমিয়ামকঃ। অত্র অভক্তা-নামানয়নেন ভক্তানামনানয়নমেব বিধীয়তে আনয়নস্যোৎসর্গসিদ্ধত্বাৎ, বৈবস্বতং সংযমনং প্রজানামিতি শ্রুতেঃ। সকৃন্মনঃ কৃষ্ণপদারবিন্দয়োর্নিবেশিতং তদ্গুণরাগি যৈরিহ। ন তে যমং পাশভৃতশ্চ তদ্ভটান্ স্বপ্নেঽপি পশ্যন্তি হি চীর্ণনিষ্কৃতান্॥ ইত্যত্র